গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৪.১১.০৭৭.২০/ ২৬০

তারিখ: ১৩ ফাল্গুন, ১৪৩১
২৬ ফেব্রুয়ারি, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://rda.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদ ও বেতনক্রম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৫ তে বর্ণিত শর্তানুযায়ী) |
|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (১০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (১০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | ফটোগ্রাফার<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | ইলেকট্রিশিয়ান<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; ইলেকট্রিক লাইসেন্স বোর্ড হতে বৈধ লাইসেন্সধারী এবং বিদ্যুৎ কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | পশুপালন সহকারী<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পশুপালন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | পোল্ট্রী এ্যাসিস্ট্যান্ট<br>টাঃ ৯৭০০-২৩৪৯০/- (১৫নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭। | উদ্যান সহকারী<br>টাঃ ৯৭০০-২৩৪৯০/- (১৫নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে উদ্যান বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮। | রিসার্চ ইনভেস্টিগেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০৩(তিন)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং তথ্য সংগ্রহ ও গবেষণা কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৯। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০৮(আট)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্টি ও টাইপিং-এ বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ থাকতে হবে। |
| ১০। | হোস্টেল সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১। | ক্যাফেটেরিয়া সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ১২। | রিসিপ্ট এন্ড ডেচপাচ ক্লার্ক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | গাড়ীচালক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০২(দুই)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ড্রাইভার হিসেবে ৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স এর অধিকারি হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৪। | কার্পেন্টার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্স উত্তীর্ণ এবং কাঠ মিস্ত্রী হিসেবে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৫। | ট্রাক্টর ড্রাইভার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ড্রাইভার হিসেবে ৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ১৬। | ক্যাফেটেরিয়া এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০২(দুই)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ক্যাফেটেরিয়া এ্যাটেনডেন্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৭। | হোস্টেল এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০৪(চার)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হোস্টেল এ্যাটেনডেন্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৮। | মালী<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০২(দুই)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাগান তদারকি কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৯। | নিরাপত্তা প্রহরী<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০৪(চার)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২০। | ডিস ওয়াসার-কাম-ক্লিনার<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২১। | বাবুর্চী সহকারী<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রন্ধন কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২২। | চৌকিদার কাম-কুক<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রন্ধন কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৩। | ক্যাটল কিপার<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৪। | পোল্ট্রি রিয়ারার<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে হাঁস-মুরগী পালনে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ২৫। | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১১(এগার)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২৬। | ক্লাশরুম এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)<br>এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

০২। আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(ক) আবেদনকারীর বয়স ১২/৩/২০২৫খ্রি. তারিখে ন্যূনতম ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিবে হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তাও অনুসরণ করা হবে।

(ঘ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/প্রশিক্ষণের সনদপত্র/অভিজ্ঞতার সনদপত্রসহ) জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি করর্পোরেশনের স্থায়ী বাসিন্দা তার প্রমাণক হিসেবে সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি করর্পোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং আবেদনকারী কোন কোটার দাবীদার হলে দাবীর সমর্থনে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(ঙ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করতে পারবেন।

(চ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(ছ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। **উল্লেখ্য যে, ১, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২৩ ও ২৫ নম্বর ক্রমিকের পদসমূহের জন্য অত্রাফিসের ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের স্মারক নম্বর ৪৭.৬৪.১০৮৮.০১৪.০৭৭.২০/৮০২ মারফত প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://rda.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/৩/২০২৫খ্রি. সকাল- ১০:০০ টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০/৪/২০২৫খ্রি. বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন কপি প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে ব্যবহারের লক্ষ্যে প্রার্থী সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে যা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমা দিবেন। ০১-০২ নম্বর ক্রমিকে উল্লেখিত পদের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ০৩-১৫ নম্বর ক্রমিকে উল্লেখিত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা এবং ১৬-২৬ নম্বর ক্রমিকে উল্লেখিত পদের জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা জমা দিতে হবে। **তবে অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে ০১-২৬ নম্বর ক্রমিকে উল্লেখিত সকল পদের জন্য আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,** Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে** Submit **করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত** Online-এ **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

নিম্নেবর্ণিত পদ্ধতিতে এসএমএস (SMS) করতে হবে:

**প্রথম SMS: RDA**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: RDA ABCDEF & send to 16222, (ABCDEF এর স্থলে User ID বসাতে হবে)

**Reply:** Applicant's Name, Tk-223/- or Tk-112/- or TK-56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RDA <space>Yes <space> PIN & send to 16222.

**দ্বিতীয় SMS: RDA**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example:** RDA YES 12345678 & Send to 16222 (12345678) এর স্থলে PIN নম্বর বসাতে হবে।

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for ……… Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.rda.gov.bd ও http://rda.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন এবং প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password, এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে: RDA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
**Example:** RDA Help User ABCDEF & send to 16222 (ABCDEF এর স্থলে User ID বসাতে হবে)।

(ii) **PIN Number জানা থাকলে: RDA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
**Example:** RDA Help PIN 12345678 & send to 16222 (12345678 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)।

(ঝ) পত্রিকায় ছাড়াও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র ওয়েবসাইট www.rda.gov.bd এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট www.rdcd.gov.bd এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে এবং এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rda.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা **dd2.admin@rda.gov.bd** এর ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: RDA, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৫। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ওয়েবসাইটে প্রবেশ এর **QR Code**

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার টেলিটক পোর্টালের **QR Code**

২৩.০২.২৫

(ড. এ, কে, এম অলি উল্যা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।